

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১২, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ আষাঢ় ১৪১১ / ১০ জুলাই ২০০৮।

এস, আর, ও নং ২১১-আইন/২০০৮।—Pourashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 146 এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, পৌরসভা কার্য বিধিমালা, ১৯৯৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালায় বিধি ১২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১২ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“১২। পৌরসভার তহবিল পরিচালনা।— পৌরসভার তহবিল চেয়ারম্যান অথবা, ক্ষেত্রমত, অধ্যাদেশের ধারা ১৮এ অনুসারে নিযুক্ত প্রশাসক এবং—

(ক) প্রধান নির্বাহী কর্মকর্তা; বা

(খ) প্রধান নির্বাহী কর্মকর্তা না থাকিলে, পৌরসভার সচিব; বা

(গ) প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সচিব উভয়েই না থাকিলে পৌরসভায় কর্মরত পদমর্যাদা অনুসারে জ্যেষ্ঠতম কর্মকর্তা কর্তৃক—

যৌথভাবে পরিচালিত হইবে।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ এইচ এম আবুল কাশেম

ভারপ্রাপ্ত সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪২৪৩)

মূল্য : টাকা ১.০০